

Ex/BNG/PG/1.56C/2025

স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

কোর্স : পি জি - ১.৫৬ সি

বিষয় : আধুনিক বাংলা কবিতা, পর্ব ১ (ঐচ্ছিক)

সময় : দু' ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১০×৩=৩০

প্রতি পর্ব থেকে অন্তত একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

পর্ব ক.

- ১। সাহিত্যে 'বাস্তবতা' নিয়ে রাখাকমল মুখোপাধ্যায়ের সঙ্গে রবীন্দ্রনাথের তর্কে দুই পক্ষের যুক্তি তোমার নিজস্ব অবস্থান ও মতামতসহ বুঝিয়ে লেখো। ১০
- ২। 'সাহিত্যের স্বরূপ' প্রবন্ধে রবীন্দ্রনাথ 'আধুনিক কবিতা'র যেসব লক্ষণগুলিকে আক্রমণ করেছিলেন, তাঁর নিজের লেখা 'বাঁশি' কবিতায় সেই লক্ষণগুলির উপস্থিতিই টের পাওয়া যায়। এটাকে কি তুমি রবীন্দ্রনাথের স্ববিরোধ হিসাবে দেখবে? বুঝিয়ে লেখো। ১০

BNG-1419

[Turn Over]

(২)

- ৩। 'অমঙ্গলবোধ ও আধুনিক কবিতা' প্রবন্ধে কবিতার আধুনিকতা প্রসঙ্গে আবু সয়ীদ আইয়ুবের বিশ্লেষণ কি তোমার কাছে গ্রহণযোগ্য? সমালোচনা করো অথবা কবিতার নজির দিয়ে তাঁর ভাবনাকে সমর্থন করো। ১০

পর্ব খ.

- ৪। সুভাষ মুখোপাধ্যায়ের 'সুন্দর' কবিতাটি কবিতার 'আধুনিকতা' বিষয়ে ওঁর অবস্থানের কাব্যরূপ। এই মন্তব্যের প্রসঙ্গে তোমার মতামত জানাও। ১০
- ৫। রবীন্দ্র-পরবর্তী কবিতাধারায় নীরেন্দ্রনাথ চক্রবর্তীর কবিতাভাষার বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো। ১০
- ৬। সমর সেন, সুধীন্দ্রনাথ দত্ত ও জীবনানন্দ দাশ এ তিনজন কবিই প্রকৃত অর্থে রবীন্দ্র-প্রভাবমুক্ত আধুনিক কবি — কবিতা-বৈশিষ্ট্য চিহ্নিত করে এই মন্তব্যের বিচার করো। ১০

★ ★ ★

BNG-1419

XX24(113)—50